অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/14/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদেরকে মহামারী সংক্রান্ত ত্রাণ প্রদানের ক্ষেত্রে বড় ধরনের অগ্রগতি হয়েছে বলে গভর্নর হোচুলের ঘোষণা

ভাড়া সংক্রান্ত সহায়তা হিসেবে প্রায় 400 মিলিয়ন ডলার পরিশোধ করা হয়েছে - যা গত তিন সপ্তাহে পরিশোধ করা পরিমাণকে প্রায় দ্বিগুণে পরিণত করেছে

অর্থ পরিশোধ করা অথবা বরাদ্দ করার ক্ষেত্রে 1.2 বিলিয়ন ডলারের বেশি পরিমাণ অর্থ নিয়ে নিউ ইয়র্ক স্টেট এখন জাতীয়ভাবে প্রথম স্থানে রয়েছে

আগে সহায়তা পাওয়ার উপযুক্ত ছিলেন না এমন ভাড়াটিয়াদের জন্য স্টেটের নতুন বরাদ্দকৃত 125 মিলিয়ন ডলারের তহবিল জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচির (Emergency Rental Assistance Program) মাধ্যমে 15 সেপ্টেম্বর থেকে পাওয়া যাবে

বাদ পড়া শ্রমিক কর্মসূচি তহবিলের (Excluded Workers Program Funds) এখন পর্যন্ত 1.05 বিলিয়ন ডলারের বেশি বিতরণের জন্য অনুমোদিত হয়েছে; এই সপ্তাহের শেষ নাগাদ 550 মিলিয়ন ডলার ছাড় করা হবে, অতিরিক্ত 500 মিলিয়ন ডলার চূড়ান্ত যাচাইকরণ প্রক্রিয়া মধ্য দিয়ে যাচ্ছে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে ক্ষতিগ্রস্ত হওয়া নিউ ইয়র্কবাসীদেরকে জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচি ও বাদ পড়া শ্রমিক কর্মসূচির মাধ্যমে মহামারী সংক্রান্ত ত্রাণ প্রদানের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। গত তিন সপ্তাহে মহামারী সম্পর্কিত জরুরি ভাড়া সহায়তা পরিশোধের পরিমাণ প্রায় দ্বিগুণ হয়েছে — যা বেড়ে 399 মিলিয়ন ডলারে পরিণত হয়েছে — যা বাড়ি থেকে বহিষ্কার হওয়ার ঝুঁকিতে থাকা ভাড়াটিয়াদের নিজেদের বাড়িতে থাকার সামর্থ্য দিয়েছে ও সংগ্রাম করতে থাকা বাড়ির মালিকদের অপরিশোধিত ভাড়া উদ্ধার করতে সাহায্য করেছে। 15 সেপ্টেম্বর, বুধবার থেকে শুরু করে ইতোপূর্বে সহায়তা পাওয়ার উপযুক্ত ছিলেন না এমন মধ্যম আয়ের ভাড়াটিয়ারা জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচির মাধ্যমে স্টেটের 125 মিলিয়ন ডলারের তহবিল থেকে বরাদ্দ পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। সেইসাথে, যদিও কিছু তহবিল চূড়ান্ত যাচাইকরণের কাজ চলছে, গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে এখন পর্যন্ত বাদ পড়া শ্রমিক কর্মসূচি তহবিলের 1.05 বিলিয়ন ডলারের বেশি অর্থ বিতরণের জন্য অনুমোদিত হয়েছে।

"আজ থেকে মাত্র তিন সপ্তাহ আগে যখন আমি গভর্নর হিসেবে শপথ নিয়েছিলাম, আমি সুস্পষ্ট করে বলেছিলাম যে আমার জন্য শীর্ষ অগ্রাধিকার হলো মহামারীর কারণে অর্থনৈতিক বিপর্যয়ের সাথে লড়াই করতে থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য যত দ্রুত সম্ভব ত্রাণের অর্থ পাওয়ার গতি

ত্বরাণিত করা," **বলেছেন গভর্নর হোচুল।** "যদিও আমরা এই প্রচেষ্টাগুলো এগিয়ে নিচ্ছি, আমাদের কাজ এখনো শেষ হয়নি। আমরা বাদ পড়ে যাওয়া শ্রমিক, মহামারীতে ক্ষতিগ্রস্ত হওয়া পরিবার যারা ভাড়া দেয়ার ক্ষেত্রে পিছিয়ে পড়েছেন, ও বৈশ্বিক স্বাস্থ্য সংকটের কারণে যেসব বাড়ির মালিক তাদের ভাড়া থেকে উপার্জন কমে যেতে দেখেছেন, তাদের জন্য গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করা অব্যাহত রাখবো।"

গভর্নর হোচুল কোভিড-19 (COVID-19) মহামারীতে ক্ষতিগ্রস্ত হওয়া নিউ ইয়র্কবাসীদের কাছে যত দ্রুত ও কার্যকরভাবে সম্ভব ত্রাণ পৌঁছে দেয়াকে তার প্রশাসনের শীর্ষ অগ্রাধিকারে পরিণত করেছেন। দায়িত্ব গ্রহণের প্রথম দিন থেকে, স্টেটের মহামারী সংক্রান্ত ত্রাণ প্রচেষ্টা জোরদার করতে গভর্নর একাধিক পদক্ষেপ গ্রহণ করেছেন, যার মধ্যে মহামারী সংক্রান্ত ত্রাণের জন্য নতুন অধিদপ্তর সৃষ্টি করা, স্টেটের ভাড়া সংক্রান্ত ত্রাণ কর্মসূচি ত্বরান্বিত করার জন্য পরিবর্তনগুলো কার্যকর করা ও আরো বেশি সংখ্যক আবেদনকারীকে আকৃষ্ট করা, ও ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত হওয়া এলাকাগুলোতে নিউ ইয়র্কবাসীদের সাথে সংযোগ রক্ষা করা হচ্ছে ও তারা তাদের প্রয়োজনীয় সাহায্য পাচ্ছেন তা নিশ্চিত করতে সেসব এলাকা পরিদর্শন করা অন্তর্ভুক্ত রয়েছে।

জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচি

গভর্নর হোচুল আগস্টের শেষে দায়িত্ব গ্রহণ করে ERAP-এর উপর নজর দিয়েছেন ও ধারাবাহিকভাবে বেশ কিছু পদক্ষেপ গ্রহণের কথা ঘোষণা করেছেন, যার মধ্যে মুলতবি হয়ে থাকা আবেদনগুলো সম্পন্ন করার প্রক্রিয়া ত্বরান্বিত করতে এককভাবে বাড়ির মালিকদের সাথে কাজ করার জন্য 100 জন চুক্তিবদ্ধ কর্মীকে পুনরায় নিযুক্ত করা অন্তর্ভুক্ত রয়েছে। তখন থেকে বাড়ির মালিকদেরকে পরিশোধ করা পেমেন্টের সংখ্যা 203 মিলিয়ন ডলারের মোট 15,548টি পেমেন্ট থেকে বৃদ্ধি পেয়ে 399 মিলিয়ন ডলারের মোট 30,781টি পেমেন্টে এসে পৌঁছেছে।

বুধবার থেকে শুরু করে, মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত হয়েছেন ও-এরিয়া মধ্যমান আয়ের 80 থেকে 120 শতাংশ উপার্জন করছেন এমন সব পরিবারের কাছ থেকে স্টেট ভাড়া সহায়তার আবেদন গ্রহণ করবে, যে গ্রুপটি এর আগে স্টেটের জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচি থেকে সাহায্য পাওয়ার অনুপযুক্ত ছিল।

ফেডারেল নির্দেশনা অনুযায়ী, মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে ও এরিয়া মধ্যমান আয়ের 80 শতাংশের সমান বা কম উপার্জন করছে শুধু এমন সব পরিবার ERAP পাওয়ার উপযুক্ত ছিল। স্টেটের অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance) কর্তৃক পরিচালিত এই কর্মসূচি সরাসরি বাড়ির মালিকদেরকে সর্বোচ্চ 12 মাসের বকেয়া ও তিন মাসের অগ্রিম ভাড়া পরিশোধ করার জন্য 2.6 বিলিয়ন ডলারের ফেডারেল তহবিল প্রদান করছে, সেইসাথে অনুমোদিত ভাড়াটিয়াদেরকে তাদের ভাড়া পরিশোধ করা অব্যাহত রাখার শর্ত সাপেক্ষে সর্বোচ্চ এক বছরের জন্য বাড়ি থেকে বহিষ্কার হওয়া থেকে সুরক্ষা প্রদান করছে।

এরিয়া মধ্যমান আয় কাউন্টি ও পরিবারের আকার অনুযায়ী ভিন্ন হয়ে থাকে। ফেডারেল বা স্টেট সহায়তা পাওয়ার জন্য আবেদন করতে আগ্রহী ভাড়াটিয়ারা otda.ny.gov/erap ওয়েবসাইট দেখা উচিত।

বিভিন্ন স্টেটে ERAP বাস্তবায়ন ট্র্যাককারী ন্যাশনাল লো ইনকাম হাউজিং কোয়ালিশনের (National Low Income Housing Coalition) তথ্য অনুযায়ী নিউ ইয়র্ক স্টেট এখন অর্থ পরিশোধ করা অথবা বরাদ্দ করার ক্ষেত্রে 1.2 বিলিয়ন ডলারের বেশি পরিমাণ অর্থ নিয়ে জাতীয়ভাবে প্রথম স্থানে রয়েছে, এবং সরাসরি পেমেন্ট করার ক্ষেত্রে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে।

এছাড়াও নিউ ইয়র্ক ফেডারেল ভাড়া সহায়তা তহবিল 'ফিরিয়ে নেয়া' এড়ানোর সীমারেখা ছাড়িয়ে অনেকদূর অতিক্রম করেছে এবং এখন এই সহায়তা যথেষ্ট দ্রুত বিতরণ করছে না এমন স্টেটগুলোর কাছ থেকে সম্ভাব্য তহবিল পাওয়ার উপযুক্ত হয়েছে। 30 সেপ্টেম্বর থেকে শুরু করে, কোষাগার বিভাগ বিতরণ করা হয়নি এমন বাড়তি তহবিল ফিরিয়ে নিতে পারে ও সেই সংস্থানগুলো বরাদ্দকৃত পরিমাণের কমপক্ষে 65 শতাংশ বিতরণ করে উচ্চ কর্মদক্ষতা দেখানো অধিক্ষেত্রগুলোতে স্থানান্তর করতে পারে।

OTDA কমিশনার মাইক হেইন বলেন, "স্টেটের তরফ থেকে অতিরিক্ত তহবিল পাওয়ায় নিউ ইয়র্কের জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচি এখন ভাড়াটিয়াদের প্রদান করা সুরক্ষা ও বাড়ির মালিকদের প্রদান করা সহায়তার ব্যাপ্তির ক্ষেত্রে আরো বেশি গতিশীল হয়েছে। এই গুরুত্বপূর্ণ সমস্যাটির বিষয়ে গভর্নর হোচুলের অব্যাহত মনোযোগ দেয়ার ফলে আমরা এখন আমাদের স্টেটব্যাপী এই কর্মসূচির শক্তিশালী প্রভাব দেখতে পাচ্ছি ও এটি বৈশ্বিক স্বাস্থ্য সংকটের মধ্যে আমাদের সম্মুখীন হওয়া সবচেয়ে বেশি চ্যালেঞ্জিং অর্থনৈতিক ও সামাজিক সমস্যাসমূহ মোকাবেলায় জাতীয় পর্যায়ে নিউ ইয়র্কের নেতৃত্বের আসনে থাকার বিষয়টি তুলে ধরেছে।"

বাদ পড়া শ্রমিক তহবিল কর্মসূচি

মহামারীর কারণে অর্থনৈতিক বিপর্যয়ের সাথে লড়াই করতে থাকা নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে যত দ্রুত সম্ভব ত্রাণের অর্থ বিতরণ করাকে গভর্নর হোচুল তার একটি শীর্ষ অগ্রাধিকার হিসেবে শনাক্ত করেছেন। এসব প্রচেষ্টার অংশ হিসেবে গভর্নর বাদ পড়া শ্রমিক কর্মসূচির আওতাধীন সুবিধাগুলোর বিতরণ ত্বরান্বিত করতে কাজ করেছেন। আজ পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (Department of Labor) বাদ পড়া শ্রমিক কর্মসূচির আওতাধীন সুবিধাসমূহ বিতরণের জন্য 1.05 বিলিয়ন ডলারের বেশি অনুমোদন করেছে। এই সুবিধাগুলোর মধ্যে 550 মিলিয়ন ডলার এই সপ্তাহের শেষ নাগাদ ছাড় করা হবে, ও অতিরিক্ত 500 মিলিয়ন ডলারের জন্য আবেদনকারীদের উপযুক্ত হিসেবে শনাক্ত করতে চূড়ান্ত যাচাইকরণের কাজ চলছে, যা পরবর্তী মাসে বিতরণ করা হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। 1 আগস্ট, 2021 তারিখে, কর্মসূচির জন্য 13টি ভিন্ন ভাষায় আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে, এবং এখন পর্যন্ত NYS DOL 130,000 এরও বেশি আবেদন পেয়েছে, যার মধ্যে এখন পর্যন্ত 75,000টিরও বেশি উপযুক্ত হিসেবে বিবেচিত হয়েছে।

অনুমোদিত আবেদনকারীরা তাদের পরিচয় এবং বাসস্থান যাচাই করার পাশাপাশি তাদের প্রদত্ত কাজের যোগ্যতার স্তরের ডকুমেন্টেশনের উপর ভিত্তি করে দুটি সুবিধার পরিমাণ পান। টিয়ার 1 কোয়ালিফায়ার 15,600 মার্কিন ডলার এবং টিয়ার 2 কোয়ালিফায়ার 3,200 মার্কিন ডলার পায়। আজ পর্যন্ত অনুমোদিত হওয়া আবেদনকারীদের মধ্যে 99 শতাংশ টিয়ার 1 সুবিধা পাওয়ার উপযুক্ত হিসেবে বিবেচিত হয়েছেন। অনুমোদিত আবেদনকারীরা আবেদনে প্রদত্ত ঠিকানায় প্রেরিত প্রিপেইড কার্ডে একটি এককালীন পেমেন্ট পান। কার্ড ব্যবহার করে নগদ অর্থ উত্তোলন করা অথবা বিক্রেতাদের কাছ থেকে কেনাকাটা করার সুযোগ থাকবে।

রাজ্য জুড়ে হাজার হাজার কর্মী যারা মহামারী চলাকালীন আয় হারিয়েছিলেন এবং সরকার কর্তৃক প্রদত্ত কোভিড-19 সুবিধার জন্য যোগ্যতা অর্জন করেননি, তাদের জন্য আর্থিক ত্রাণ আনতে এক্সক্লুডেড ওয়ার্কার্স ফান্ড তৈরি করা হয়েছিল, তা এখন চূড়ান্ত অনুমোদনের পর্যায়ে রয়েছে।

আবেদনকারীরা 24/7 অনলাইনে আবেদন করতে পারবেন, এবং DOL-এর 600 কর্মী দ্বারা পরিচালিত বহুভাষী কল সেন্টার সপ্তাহে ছয় দিন খোলা রয়েছে। এক্সক্লুডেড ওয়ার্কার্স ফান্ড (Excluded Workers Fund, EWF) আবেদন প্রক্রিয়াটি একটি EWF ভার্চুয়াল অ্যাসিস্ট্যান্ট সহ অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে যা আবেদনকারীদের পুরো প্রক্রিয়া জুড়ে তাদের আবেদনের স্থিতি প্রদান করতে পারে। এছাড়াও আবেদনকারীরা একজন লাইভ প্রতিনিধির সাথে কথা বলতে পারবেন অথবা 24 থেকে 48 ঘণ্টার মধ্যে ফিরতি কল পাবেন। এই আবেদন ও একটি FAQ ডকুমেন্ট শ্রম বিভাগের EWF পেইজে 13টি ভিন্ন ভাষায় পাওয়া যাচ্ছে।

বেকারত্ব বীমার দাবির অনুরূপ, পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা প্রক্রিয়ার অন্তর্নিহিত সুরক্ষা এবং জালিয়াতি সনাক্তকরণ ব্যবস্থা নিশ্চিত করে যে তহবিল যোগ্য আবেদনকারীদের কাছে যায়, স্ক্যামারদের কাছে নয়।

DOL একটি রিয়েল-টাইম ড্যাশবোর্ডের ব্যবস্থা করার পরিকল্পনা করছে যা আগামী সপ্তাহগুলোতে EWF কর্মসূচির সর্বশেষ ডাটা সরবরাহ করবে। এই সময়ের মধ্যে, DOL এর ওয়েবসাইটে EWF কর্মসূচির প্রতি ঘণ্টার ডাটার আপডেট পোস্ট করবে।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "আমাদের স্টেটে মহামারীর প্রতি সাড়া দেয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন কিন্তু স্টেট বা ফেডারেল বেকারত্ব সুবিধা পাওয়ার যোগ্য হননি এমন হাজারো নিউ ইয়র্কবাসীর কাছে বাদ পড়া শ্রমিকদের তহবিল প্রকৃত ত্রাণ সরবরাহ করছে। মহামারীর সময় মজুরি বা আয় হারিয়েছেন এমন সকল উপযুক্ত ব্যক্তিকে এই গুরুত্বপূর্ণ লাইফলাইনের জন্য আবেদন করতে আমি উৎসাহিত করছি।"

সেপ্টেম্বরের শুরুতে গভর্নর হোচুল 15 জানুয়ারি, 2022 তারিখ পর্যন্ত কোভিড সম্পর্কিত কারণে বাড়ি থেকে বহিষ্কৃত হওয়া বিষয়ে ঋণশোধ বিলম্বিত করা সংক্রান্ত একটি আইনে স্বাক্ষর করেছেন। এই আইন আরো পরিবারকে সেবা দেয়ার জন্য ও বাড়ির মালিকদের আরো ভালোভাবে সহায়তা করতে 250 মিলিয়ন ডলারের নতুন একটি কর্মসূচিও প্রতিষ্ঠা করেছে। এই কর্মসূচির মাধ্যমে, ফেডারেল অর্থায়নের ERAP-তে অংশগ্রহণ করার পক্ষে অনেক বেশি আয় রয়েছে এমন পরিবারগুলোর জন্য বিশেষভাবে 125 মিলিয়ন ডলারের স্টেট তহবিল বরাদ্দ করা হয়েছে।

সেইসাথে, এই কর্মসূচিতে অংশগ্রহণ করতে অস্বীকৃতি জানিয়েছেন অথবা বকেয়া ভাড়াসহ অ্যাপার্টমেন্ট খালি করে দিয়েছেন এমন ভাড়াটিয়াদের ব্যাপারে বাড়ির মালিকদের সহায়তা করতে এই আইনে আলাদাভাবে 125 মিলিয়ন ডলারের স্টেট তহবিল বরাদ্দ করা হয়েছে। ফেডারেল নির্দেশনা অনুযায়ী বাড়ির মালিক ও ভাড়াটিয়া উভয়ের জন্য এই কর্মসূচিতে আবেদন করা আবশ্যক, তাই এই অতিরিক্ত স্টেট তহবিল OTDA-কে এই সহায়তা পেতে আগ্রহী বাড়ির মালিকদের জন্য অক্টোবরের শুরুর দিকে একটি পৃথক আবেদনের ব্যবস্থা করার সুযোগ করে দিবে।

তবে নিউ ইয়র্কের কর্মসূচিতে, আবেদনের অন্য অংশ মুলতবি থাকা অবস্থায় ভাড়াটিয়াদের সাময়িকভাবে সহায়তা পাওয়ার অনুমোদন দেয়ার সুযোগ রয়েছে, এবং বাড়ির মালিকদের অংশগ্রহণ করতে প্ররোচিত করতে জোরালো প্রচেষ্টা চালানো হচ্ছে। যদি কোনো বাড়ির মালিক একটি আবেদন সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করতে অস্বীকৃতি জানান অথবা তহবিল গ্রহণ করতে অস্বীকৃতি জানান, তাহলে ভাড়াটিয়াকে একটি চিঠি প্রদান করা হয় যা বাড়ি থেকে বহিষ্কারের বিচারিক প্রক্রিয়া চলাকালীন সময়ে আদালতে দেখানো যাবে।

এই কর্মসূচির জন্য অনুমোদিত হওয়া ভাড়াটিয়াদের কোভিড-19 মহামারীর সময়ে লিজের মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়া অথবা ভাড়া পরিশোধ করতে ব্যর্থ হওয়ার কারণে বাড়ি থেকে বহিষ্কার করা যাবে না। কোনো বাড়ির মালিক একবার পেমেন্ট গ্রহণ করে ফেললে, এই পেমেন্ট পরবর্তী 12 মাসের মধ্যে কভারকৃত সময়ের ভাড়া পরিশোধ না করার অথবা লিজের মেয়াদ শেষ হয়ে যাওয়ার কারণে ভাড়াটিয়াকে বাড়ি থেকে বহিষ্কার করা যাবে না।

মহামারীর সময়ে জমা হয়ে যাওয়া ভাড়া পরিশোধ করতে হিমশিম খাওয়া নিউ ইয়র্কবাসীদেরকে এই কর্মসূচির জন্য আবেদন করতে গভর্নর হোচুল অব্যাহতভাবে উৎসাহ দিয়ে যাচ্ছেন। ERAP-এর জন্য ইতোমধ্যে 200,000 এরও বেশি আবেদন পাওয়া গেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন